# নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্হান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২৫/১১/২০২১ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্হিত সম্মানিত সদস্যগণকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্হাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর ৮৫০০ হেঃ জমিতে রোপা আমন ধান আবাদ হয়েছে। এর মধ্যে হাইব্রিড-১৮৭৫ হেঃ, উফশী-৬৩৪০ হেঃ এবং স্থানীয়-৪১৮৫ হেঃ। এ পর্যন্ত প্রায় ৬০% আমন ধান কর্তন হয়েছে। শস্য কর্তনের মাধ্যমে ভালো ফলন পাওয়া যাচ্ছে। ফলনের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জিত হবে আশা করা যায়। এছাড়া রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দের সরিষা, বীজ, ভুট্টা বীজ, চীনা বাদাম বীজ, পেঁয়াজ বীজ, গম বীজ, মুসুর বীজ, বোরো হাইব্রিড ধানের বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। প্রণোদনা কার্যক্রম মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে এবং পাশাপাশি ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সকল সদস্যদের সহযোগিতা চাওয়া হয়েছে। বোরো ধানের বীজতলা তৈরীসহ রবি মৌসুমে শাক সবজির আবাদ কৌশল কৃষকদের পাশে থেকে সঠিক পরামর্শ প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপ ভিত্তিক আলোচনা, মাঠ দিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্হ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। টিকা দেয়া হয়েছে ১,১৩,৬৭৯ ডোজ। খুব শীঘ্রই ফাইজারের টিকা আসবে। টিকা সংরক্ষনের জন্য এসি সংলগ্ন রুম প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এসি ক্রয়ের জন্য অনুরোধ করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, ফেব্রুয়ারি,২০ মূলে অপ্রত্যাশিত খাত ব্যয় জরুরী/মেরামত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কোরোনা ভাইরাস প্রতিরোধে ভ্যাকসিন সংরক্ষণের নিমিত্ত এসি ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্হ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। গত ৩০/৫/২০২১ খ্রি. তারিখ উপজেলা পরিষদ মাসিক সভার অনুচ্ছেদ ০৪(৪) এর সিদ্ধান্ত মোতাবেক দেওয়ানগঞ্জ জিসি-সানন্দবাড়ী জিসি ভায়া তারাটিয়া রাস্তায় জরুরী ভিত্তিতে উল্লিখিত চেইনেজ এ প্রথম শ্রেণীর ইটের খোয়া দ্বারা রাস্তা মেরামত করা হয়। সর্বমোট =৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলন প্রস্তুত করা হয়। যার মধ্যে =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জরুরী মেইনেটেনেন্স প্রকল্প হতে পিআইসির মাধ্যমে ব্যয় নির্বাহ করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থ সংকটের কারণে অবশিষ্ট =৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান সম্ভব হয়নি। যা চলতি অর্থবছরে ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br>০২। দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোরোনা ভাইরাস প্রতিরোধে ভ্যাকসিন সংরক্ষণের নিমিত্ত এসি সংলগ্ন কক্ষ প্রয়োজন। বিধায়, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০২ (দুই) টি এসি =১,৬০,৯৬৬/- (এক লক্ষ ষাট হাজার নয়শত ছেষট্টি) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৩। উপজেলা কমপ্লেক্স অভ্যন্তরে ষ্টাফ কোয়ার্টার এর পিছনে একটি হেলে পরে যাওয়া কাঁঠাল গাছ রয়েছে। চলাচলের সুবিধার্থে গাছটি কর্তন প্রয়োজন। এ বিষয়ে আলোচনা করা হয়। | ০১। উল্লিখিত চেইনেজ এ রাস্তা মেরামত বাবদ= অবশিষ্ট =৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা চলতি অর্থবছরে নিম্নলিখিত ০২ (দুই) টি প্রকল্প কমিটির মাধ্যমে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) মোছাঃ রেহেনা পারভীন, ইউপি সদস্য- বাহাদুরাবাদ ইউপি- সভাপতি<br>খ) মোঃ তারা মিয়া, মেম্বার, বাহাদুরাবাদ ইউপি- সেক্রেটারী<br>ক) মোঃ আলতাফ-সভাপতি ইউপি সদস্য, বাহাদুরাবাদ ইউপি- সভাপতি<br>খ) মোঃ মালেক-মেম্বার, বাহাদুরাবাদ ইউপি, সেক্রেটারী<br>০২। দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোরোনা ভাইরাস প্রতিরোধে ভ্যাকসিন সংরক্ষণের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০২ (দুই) টি এসি ক্রয় বাবদ =১,৬০,৯৬৬/- (এক লক্ষ ষাট হাজার নয়শত ছেষট্টি) টাকা নিম্নোক্ত প্রকল্প কমিটির মাধ্যমে ব্যয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) ডাঃ আহসান হাবীব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেওয়ানগঞ্জ-সভাপতি<br>খ) মোছাঃ মাজেদা-ইউপি সদস্য, বাহাদুরাবাদ ইউপি- প্রকল্প সেক্রেটারী<br>০৩। উপজেলা কমপ্লেক্স অভ্যন্তরে ষ্টাফ কোয়ার্টার এর সামনে মৃত কাঁঠাল গাছটি কর্তনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | | হয়। | |
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, জাইকা কর্তৃক প্রাপ্ত অর্থের বিপরীতে দুইটি ইউনিয়নে লৌহ বিমুক্ত করন প্লান্ট নির্মাণের প্রস্তাব করা হয়। সেক্ষেত্রে অত্র এলাকা যেহেতু অগভীর পানি স্তর এলাকা এবং পানিতে অতি মাত্রায় আয়রন থাকার কারণে এই লেয়ারে প্রকল্প বাস্তবায়ন সম্ভব নয়। গভীর লেয়ারে বাস্তবায়নের জন্য অর্থের পরিমান বেশী লাগবে বিধায় পরবর্তীতে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনাক্রমে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে। তিনি আরও জানান যে, ঝাউডাংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০১ (এক) টি মাঝারী আকারের গামারের গাছ রয়েছে। যার ফলে **Wash Block** নির্মাণ সম্ভব হচ্ছে না। গাছটি কর্তন করা হলে **Wash Block** নির্মাণ কাজ শুরু করা যেতে পারে এবং প্রায় ৩৫০ জন ছাত্র/ছাত্রী এবং শিক্ষকদের স্যানিটেশন সুবিধা নিশ্চিত হবে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>দাপ্তরিক অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | ঝাউডাংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে **Wash Block** নির্মাণ কাজের জন্য উল্লিখিত গাছটি কর্তনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা বরাদ্দ ৩৫৩ জনের নামের তালিকা ইউনিয়ন চেয়ারম্যানগণকে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়। তালিকা প্রাপ্তি সাপেক্ষে দ্রুত ভাতা বাস্তবায়ন কমিটির নিকট উপস্থাপন করে ভাতা কার্যক্রম সম্পাদন করা যাবে। অত্র সমাজসেবা অফিস হতে নিজ নিজ ইউনিয়নের ভাতাসমূহের তালিকা নেয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। তালিকা যাচাইপূর্বক মোবাইল নম্বর সমূহ এবং মৃত্যু জনিত কারণে প্রতিস্থাপন করারও অনুরোধ করা হয়। প্রতিস্থাপন করা ভাতাভোগীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২০-২০২১ অর্থবছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা বরাদ্দ ৩৫৩ জনের নামের তালিকা ইউনিয়ন চেয়ারম্যানগণের নিকট হতে জমা নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় কেন্দ্রীয় এবং প্রাথমিক সমবায় সমিতিমূহের অডিট কার্যক্রম চলমান রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট সম্পাদন শেষ হবে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন।<br>০৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। ২০২১-২২ অর্থবছরে টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর ১ম পর্বের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের পরিপ্রেক্ষিতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভাজন করে দেয়া হয়েছে। প্রকল্প তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>০২। দেওয়ানগঞ্জ উপজেলার নদী ভাংগন এলাকার ১৫৬ টি পরিবারের অনুকূলে =১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ নির্দিষ্ট পরিপত্রের নির্দেশনা মোতাবেক বিতরণ করা হবে।<br>০৩। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর আওতায় প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়ের ক্লাশসমূহ চালু হয়েছে। স্বাস্থ্য বিধি মেনে ক্লাশ কার্যক্রম পরিচালিত হচ্ছে। আগামী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের বই সংরক্ষণের জন্য কোন গুদাম না থাকায় দেওয়ানগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং মডেল স্কুলের স্কাউট ভবনের ০২ টি কক্ষে বই সংরক্ষনের জন্য গত ২৬/১০/২০২১ খ্রি. তারিখ উপজেলা পরিষদ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে স্কাউট ভবনে দেওয়ানগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ভবনের মালামাল রাখার কারনে এবং মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এইচ এস সি পরীক্ষা কেন্দ্র হিসেবে ব্যবহৃত হওয়ার কারনে অদ্য ২৫/১১/২০২১ খ্রি. তারিখ পরিষদ মাসিক সভায় দেওয়ানগঞ্জ পৌরসভার সম্মানীত মেয়র মহোদয়কে সংরক্ষিত বইয়ের নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ জানানো হলো। | দেওয়ানগঞ্জ পৌরসভায় বই সংরক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২১ সনের এসএসসি, দাখিল ও এসএসসি (ভোক), দাখিল (ভোক) পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত হয়েছে। আগামী ০২/১২/২০২১ খ্রি. তারিখ হতে এইচ এস সি, এইচ এস সি (ভোক), পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ০৬/১২/২০২১ খ্রি. তারিখ হতে নবম (ভোক), পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে নকলমুক্ত পরিবেশে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। তাছাড়া ৬ষ্ঠ হতে নবম শ্রেনি পর্যন্ত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা শুরু হয়েছে। উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন এর ভবন নির্মাণ কাজ ডিসেম্বর মাসে শুরু হবে। ভবনে মাধ্যমিক শিক্ষা অফিসসহ শিক্ষকদের প্রশিক্ষণের জন্য আইসিটি ইন্টারনেটের সুবিধাসহ ল্যাব স্থাপন করা হবে। যার মাধ্যমে সরকারের ই-গভর্নেন্সের কার্যক্রমে নাগরিকদের একসেসে টু ইনফরমেশন সুবিধা নিশ্চিত করা হবে। চারতলা ফাউন্ডেশনসহ দ্বিতল ভবনের নির্মাণ করবেন **TAIHAN CONSTRUCTION** কোরিয়া। ভবন নির্মাণে গুনগতমান নিশ্চিত করনের জন্য উপজেলা প্রশাসনিক সহযোগিতা কামনা করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা কার্যক্রম নকলমুক্ত পরিবেশে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>১। নভেম্বর/২১ মাসে মোট সক্ষম দম্পতি ৬০১৭১ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ৪৮২০৮ জন। পদ্ধতিগ্রহণকারীর হার ৮০.১২%। প্রয়োগকৃত আইইউডি-০৭ জন। স্থায়ী পদ্ধতি = ০২ জন মহিলা, IUD- ০৯ জন, ইমপ্ল্যান্ট-৮১ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯০৮৫ পিস, আপন-১৫১ চক্র, কনডম-১২৮৬৫ পিস, ইনজেকশন-১৮২৩ ভায়াল। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। আগামী ১৮/১২/২০২১ খ্রি. তারিখ হতে ২৩/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পরিবার কল্যান সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হবে। উক্ত কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করা হয়। | আগামী ১৮/১২/২০২১ খ্রি. তারিখ হতে ২৩/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পরিবার কল্যান সেবা ও প্রচার সপ্তাহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় স্বাস্থ্যবিধি মেনে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় গবাদি পশু চিকিৎসা কার্যক্রম ভালোভাবে চলছে। এছাড়া কৃত্রিম প্রজনন কার্যক্রমও সুন্দর এবং সঠিকভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিদ্যমান জেলে তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের আওতায় মৃত ও পেশা পরিবর্তন হয়ে থাকলে তাদের নাম কর্তন করা হবে। বাদ পড়া ও যাদের বয়স ১৮ বছর হয়েছে তাদের নাম নতুনভাবে নিবন্ধন করা হবে। মৎস্য চাষ সম্প্রসারণের লক্ষ্যে খাঁচায় মাছ চাষ কার্যক্রম চলছে। সে মোতাবেক জলমহালে (প্রবাহমান নদী ও অন্যান্য জলাশয়) খাঁচায় মৎস্য চাষ নীতি ২০১৯ অনুযায়ী উপজেলা মৎস্য চাষ ব্যবস্থাপনা কমিটির অনুমোদন গ্রহনের বিধান রয়েছে। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কার্যক্রমের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প গ্রহন করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় জেলে সম্প্রদায়ের জন্য বিকল্প কর্মসংস্থান সৃষ্টি অক্ষম জেলেদের আর্থিক সহযোগিতার নির্দেশনা রয়েছে। সরকার প্রতিবছর ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা মাছ আহরন, পরিবহন, বাজারজাত সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা মাছ আহরন, পরিবহন, বাজারজাতকরন ও নিষিদ্ধের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপকারভোগীর সংখ্যা-৯৪৪ জন। ঋনী সংখ্যা-১৬০০ জন। চলতি অর্থবছরে ০৮ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন-৩,১২,২৫,৮০০/-(তিন কোটি বার লক্ষ পঁচিশ হাজার আটশত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-২,৭৬,২৮,৫০৭/- (দুই কোটি ছিয়াত্তর লক্ষ আটাশ হাজার পাঁচশত সাত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়-২,৫৩,৩৫,৫৮২/- (দুই কোটি তিপ্পান্ন লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত বিরাশি) টাকা। ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার-৯২%। খেলাপী টাকার পরিমান-১৬,৮৮,২৫৩/- (ষোল লক্ষ আটাশি হাজার দুইশত তিপ্পান্ন) টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা- ২৩৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান-২৫,০০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২২,৩১,২০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৩২,৩৬০/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৯১ %<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্প-<br>চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৪০,২৪১/-<br>আদায়ের শতকরা হার-৯১%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-০৯ জন<br>মহিলা-১১১ জন<br>মোট-১২০ জন<br>ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ-২৭৫৭ জন<br>মহিলা-৪১৭৭ জন<br>মোট-৬৯৩৪ জন<br>আত্নকর্মী সৃজন- পুরুষ-২৩৬ জন<br>মহিলা-১৫৩ জন<br>মোট-৩৮৯ জন<br>তালিকাভূক্ত যুব সংগঠনের- ২৭ টি<br>সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস ২৫/১১/২০২১-১০/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পালিত হবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রস্তুতিগ্রহণ করা হয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে ২০২১-২০২২ অর্থবছরে আবেদন পত্র জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ০২। জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>০৩। যথাযোগ্য মর্যাদায় বেগম রোকেয়া দিবস/২১ পালনের জন্যও সকল প্রস্তুতিগ্রহণ করা হয়েছে।<br>০৪। ভিজিডির ডিও প্রদান করা হয়েছে। সম্মানীত ইউপি চেয়ারম্যানগণ ভিজিডির চাউল বিতরণের পূর্বে মহিলা বিষয়ক কর্মকর্তাকে অবহিত এবং ভিজিডির সঞ্চয় আদায়ের জন্য উপকারভোগীকে উৎসাহিত করার জন্য অনুরোধ করা হয়।<br>০৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | হয়। | |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ঋণ আদায় হয়েছে ০.৩০ লক্ষ টাকা। কোন ঋণ বিতরণ করা হয়নি। খেলাপী ঋণ আদায় করার জন্য কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ বিতরণ না হওয়ার কারণ আগামী মাসিক সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, গাছের চারা রোপন এবং পরিচর্যাসহ বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। | বন বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | মেয়র ঃ<br>মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, অত্র দেওয়ানগঞ্জ পৌরসভার কার্যক্রম ভালোভাবে চলছে। সরকারি খাস জমির উপর কিছু অবৈধ স্থাপনা রয়েছে যা উচ্ছেদ রোধে সম্মানীত জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের নিকট একজন ম্যাজিস্ট্রেট প্রয়োজন মর্মে আবেদন করেছিলেন। উপজেলা নির্বাহী অফিসার এই বিষয়ে সহযোগিতা করবেন। দেওয়ানগঞ্জ বাজারে রাস্তার ওপর কিছু দোকান রয়েছে। রাস্তায় জানজট সৃষ্টি হয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বিভিন্ন উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট সংস্কার/মেরামত এবং বিভিন্ন স্থাপনা নির্মাণ যেন টেকসই, মজবুত ও সুন্দর হয় সে লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে সর্বদা তদারকির জন্য সভায় আলোচনা করেন। কোন ঠিকাদারী প্রতিষ্ঠান যেন বিতর্কিত কাজ না করে সেদিকেও নজরদারির জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮) | আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে,<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি মোট ঋন বিতরণ- ১২.৩৫ লক্ষ<br>মোট সদস্য- ১১,৮৫০ জন মোট তহবিল- ১৪.১৮ লক্ষ<br>মোট সঞ্চয় - ৬.৪৮ লক্ষ মোট ঋন আদায়- ৫.৮০ লক্ষ | আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪১৯১ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৪৩,৯০,০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৫৮,২০,০০০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৬,৭৪,০০০/-<br>চ) আদায় হার- ৯৭%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭৪ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ৮,৭০,০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ১০,০২,০০০/-<br>ঘ) আদায় হার- ৯৬%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১০৫% | ঋন আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা |
| ২০) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র উপজেলার ০৮ (আট) টি ইউনিয়নে সেপ্টেম্বর/২১ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচীতে নতুন ৬৬৫ জন সুবিধাভোগী অন্তর্ভূক্ত করা হয়।পূর্বের ১৯,২০৯ জন সুবিধাভোগী ও বর্তমানে নতুন ৬৬৫ জনসহ মোট সুবিধাভোগী ১৯৮৭৪ জন। এই সুবিধাভোগীদের মাঝে মাথাপিছু ৩০ কেজি মোট ৫৯৬.২২০ কেজি চাউল বিতরণ করা হচ্ছে। ০৮ (আট) টি ইউনিয়নে সর্বমোট ৩৬ জন ডিলার (খাদ্য বান্ধব) রয়েছেন। এছাড়া পৌরসভার অনুকূলে ০৩ (তিন) জন ডিলার দিয়ে **OMS** এর মাধ্যমে চাউল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় খাদ্য বর্তমান মজুদ পরিস্থিতি চাউল-১৫৬৪.০৭১ মে. টন এবং গম-৩.০০৫ মে.টন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, নভেম্বর/২১ মাসে (সেপ্টেম্বর ও অক্টোবর/২১) উঠান বৈঠক করা হয় মোট ০৪ টি। এছাড়া ত্রৈমাসিক সভা করা হয় ০১ টি। উঠান বৈঠকে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, উপজেলা মৎস্য অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। পাররামরামপুর-০২ | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর উঠান বৈঠক কার্যক্রম বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | টি, হাতীভাংগা-০১ টি, বাহাদুরাবাদ-০১ টি। ডোর টু ডোর সেবা-৬৫০ জন,<br>তথ্যকেন্দ্র- ২০০ জন<br>উঠান বৈঠক- ২০০ জন<br>মোট সেবা- ১০৫০ জন | | |
| ২২) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্প ০৬ নং ওয়ার্ডে ১১৪ টি ঘর রয়েছে। ০২ টি ঘরের মাঝখানে খুটি রয়েছে। চলাফেরা অসুবিধার সৃষ্টি হচ্ছে। এজিএম, পল্লী বিদ্যুৎ এঁর মাধ্যমে জনগণের নির্বিঘ্নে চলাফেরার জন্য খুঁটি সরানো যাবে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়াও গম বীজ প্রদানের জন্য কৃষি অফিসারের মাধ্যমে অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উল্লিখিত স্থানে ঘরের পাশে খুঁটি সরানো যায় কিনা সে ব্যাপারে এজিএম পল্লী বিদ্যুৎকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান জানান যে, সানন্দবাড়ী বাজার রাস্তা ভেংগে গেছে। সংস্কার/মেরামত প্রয়োজন। এছাড়াও তাঁর ইউনিয়নে কাজী নিয়োগ না হওয়ার কারণে বাল্য বিবাহ বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে। খুব শীঘ্রই কাজী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | জনগণের চলাফেরার সুবিধার্থে রাস্তা মেরামত/সংস্কারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। তাঁর ইউনিয়ন পরিষদ ভবন জনাজীর্ন ও ঝুঁকিপূর্ণ। যে কোন সময় ধসে যাবার শংকা রয়েছে। ভবনটি সংস্কার/মেরামত নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও গ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যও অনুরোধ করেন। | গ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | রাস্তাটি মেরামত/সংস্কার গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর পরিষদের অভ্যন্তরে গত অর্থবছরে এডিপির আওতায় বাউন্ডারী ওয়ালের এবং মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়নি। ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। কাজটি সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ জানান। এডিপির চলতি অর্থবছরে যথাসময়ে যেন টেন্ডার ও পিআইসি কার্যক্রম বাস্তবায়ন করা যায় সে ব্যাপারে অনুরোধ করেন। এছাড়াও নৌ থানার কার্যক্রম নিয়ে আলোচনা করেন। তিনি রাত ৩-০০ টার সময় খবর পেয়ে বাল্য বিবাহ বন্ধ করেছেন। তাই সংশ্লিষ্ট সকলকে বাল্য বিবাহ বন্ধে এগিয়ে আসার জন্য অনুরোধ করেন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান, তাঁর ইউনিয়নে এইচএসসি পরীক্ষার্থী একটি ছেলেকে দোকানে কেরোসিন তৈল বিক্রয়ের অপরাধে ধরে নিয়ে গিয়েছিল পুলিশ। পরে তিনি গিয়ে বিষয়টি সমাধানের চেষ্টা করেন। মামলা চলমান রয়েছে। যমুনা নদীর পানি বর্ষাকালে বৃদ্ধি পেয়ে উপজেলাসহ বিভিন্ন এলাকা প্লাবিত হয়। সুইচ গেটের ব্যবস্থা করা গেলে হয়তবা বন্যার পানি রোধ করা যেতে পারে। প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করেন। মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা মোতবেক ১ ইঞ্চি জমি যেন পতিত না থাকে। চাষাবাদের উপযোগী খালি জায়গাগুলোতে কিছু না কিছু ফসলা ফলানোর ব্যাপারে সভায় আলোচনা করেন। এছাড়াও তিনি যত্ন প্রকল্পের অর্থ ভাতাভোগীদের মাঝে যথাসময়ে প্রদানের জন্য অনুরোধ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি সভাতে অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। নতুন উপজেলা প্রশাসনিক ভবন হলরুম চেয়ারগুলোতে নামকরণ এবং নতুন সাউন্ড সিস্টেম স্থাপনের জন্য অনুরোধ করেন। এছাড়া তাঁর অফিস কক্ষে কিছু চেয়ার এবং আলমীরা ক্রয়ের ব্যাপারে অনুরোধ করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলক সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে নবাগত উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং বিভিন্ন বিভাগীয় | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ |

| | | | |
|---|---|---|---|
| | কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। তিনি জানান, বিভিন্ন জায়গায় বীর মুক্তিযোদ্ধাগণের নামে অনেক রাস্তা নামকরণ করা হয়। সে প্রেক্ষিতে, পাররামরামপুর ইউনিয়নের তারাটিয়া বাজার মোড় রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মৃত গাজি নাছির নামে নামকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণ সভায় গুরুত্বপূর্ণ বক্তব্যের জন্য ধন্যবাদ জানান। উপজেলা পরিষদ মাসিক সভায় বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। অনুযায়ী প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ এবং জনপ্রতিনিধিগণ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখহাসিনার নির্দেশনা মোতাবেক মধ্যমশীল দেশ হতে উন্নয়নশীল দেশে রুপান্তর করতে এবং অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম আরও এগিয়ে নিতে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে একত্রে কাজ করতে অনুরোধ জানান। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে এবং সকল কার্যক্রম সুষ্ঠভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে ছালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান, দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জের বিভিন্ন রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট, স্কুল, কলেজ উন্নীতকরণসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের রুপকার মাননীয় এমপি মহোদয়। মাননীয় এমপি মহোদয় মানুষের জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছেন। তাঁর প্রচেষ্টায় আজকে ডাংধরা থেকে দেওয়ানগঞ্জ দূরত্ব কমিয়ে এনেছেন। উপজেলা শিক্ষা অফিসে মাষ্টার রোলে একটি ছেলে চাকুরী করে। উপজেলা নির্বাহী অফিসার অফিস কক্ষে প্রবেশ করে ছেলেটি ইউএনও মহোদয়ের সাথে উদ্ধ্যত আচরন করেন। তার এহেন আচরণে তাকে চাকুরী হতে অপসারন করে শাস্তির ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর সকল উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে সুখী সমৃদ্ধ দেশ গঠনে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় আরও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে সকলের সহযোগিতায় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | নভেম্বর/২১ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। নভেম্বর/২১ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১৩,১২৫/-(তের হাজার একশত পঁচিশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | নভেম্বর/২১ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৮,১২৫/- (আটাশ হাজার একশত পঁচিশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন-লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৩৬) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>১৪২৮ বঙ্গাব্দে দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ (তের) টি হাট বাজারের মধ্যে ০৯ (নয়) টি হাট ইজারা হয়েছে। তন্মধ্যে ০৮ (আট) টি হাটের ভ্যাট আয়করসহ সকল টাকা ইজারদারগণ পরিশোধ করেছেন। সানন্দবাড়ি হাটের ইজারাদারের নিকট সর্বমোট =৯,২৫,২৫০/- (নয় লক্ষ পঁচিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা পাওনা রয়েছে। তিনি প্রতি হাটে =১,০০০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করবেন মর্মে জানান। অবশিষ্ট ০৪ (চার) টি হাটের ইজারা হয়নি। সরকারি হাটবাজার নীতিমালা ২০১১ অনুযায়ী বিজ্ঞপ্তি দেয়া আছে এবং খাস আদায় কমিটির মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। | সানন্দবাড়ী হাটের ইজারাদারকে অবিলম্বে অবশিষ্ট টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | বিবিধ ঃ<br>ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(খ) নং অনুচ্ছেদে জাতীয় দিবস উদযাপন বাবদ =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন রয়েছে। বাস্তবতার প্রেক্ষিতে দেখা যায় বিভিন্ন জাতীয় দিবস যেমন ২৬ মার্চ স্বাধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান, ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসসহ অন্যান্য জাতীয় দিবসসমূহ উদযাপন উপলক্ষ্যে =১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশি ব্যয় হয়ে থাকে। অতিরিক্ত ব্যয় স্থানীয়ভাবে সংকুলান করা হয়। আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে অতিরিক্ত =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে ফুলের বাগানের জন্য চারা ক্রয়, লেবার, সার প্রদান এবং অন্যান্য ব্যয় বাবদ=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে | ক) আলোচনান্তে মহান বিজয় দিবসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে অতিরিক্ত =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতির জন্য মন্ত্রণালয়ের পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে ফুলের বাগানের জন্য চারা ক্রয়, লেবার, সার প্রদান এবং অন্যান্য ব্যয় বাবদ=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনা করা হয়।<br><br>গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি,২০২০ এর ৩(ভ) বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে প্রতি অর্থবছর সর্বোচ্চ=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। সে প্রেক্ষিতে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে বর্জ্য পরিষ্কার/পরিচ্ছন্নতা বাবদ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এই বিষয়ে আলোচনা করা হয়। | হয়।<br><br>গ) উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ=৫,০০০/- (পাঁচ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) উল্লিখিত ব্যয় বাবদ=৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ১১৫৭ (৪০)

তারিখ ঃ ২৫/১১/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা .......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান.......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৫/১১/২১

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।